

আল-আদাবুল মুফরাদ

হাদিস নম্বরঃ ৯৬৫

হাঁচি ও তার জবাবদান

পরিচ্ছেদঃ ৪৩৪- হতবাক হয়ে বা অন্য কারণে কারো নিজ উরুতে চপেটাঘাত করা।

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَامٍ، قَالَ: أَخْبَرَنَا أَبُو مُعَاوِيَةَ، عَنِ الْأَعْمَشِ، عَنْ أَبِي رَزِينٍ، عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: رَأَيْتُهُ يَضْرِبُ جَبْهَتَهُ بِيَدِهِ وَيَقُولُ: يَا أَهْلَ الْعِرَاقِ، أَتَزْعُمُونَ أَنِّي أَكْذِبُ عَلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، أَيْكُونُ لَكُمْ الْمَهْنَأُ وَعَلَيَّ الْمَأْتُمْ؟ أَشْهَدُ لَسَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: إِذَا انْقَطَعَ شِسْعُ نَعْلِ أَحَدِكُمْ، فَلَا يَمْشِي فِي نَعْلِهِ الْآخَرَى حَتَّى يُصْلِحَهُ.

বাংলা

৯৬৫। আবু রায়ীন (রহঃ) বলেন, আমি আবু হুরায়রা (রাঃ) কে দেখেছি যে, তিনি তার কপালে চপেটাঘাত করে বলছেন, হে ইরাকবাসীরা! তোমরা কি মনে করো যে, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর মিথ্যা আরোপ করি? তোমরা সওয়াবের ভাগী হবে আর আমি হবো গুনাহর ভাগী? আমি সাক্ষ্য দিচ্ছি, নিশ্চয় আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ তোমাদের কারো এক জুতার ফিতা ছিড়ে গেলে সে যেন অপর জুতাটি পায়ে দিয়ে না হাঁটে, যাবৎ না তা মেরামত করে নেয়। (মুসলিম, ইবনে মাজাহ, নাসাই, আহমাদ, আবু আওয়ানা)

English

Abu Razin said about Abu Hurayra, "I saw him striking his brow with his hand whole saying, 'People of Iraq, do you claim that I lie against the Messenger of Allah, may Allah bless him and grant him peace? Do you have enjoyment while I have the wrong action? I testify that I heard the , Messenger of Allah, may Allah bless him and grant him peace, say, "When one of you breaks his sandal-strap, he should not walk in his other sandal until it is mended."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=46349>

📖 হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন